

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নিম্নতম মজুরী বোর্ড
প্রশাসন শাখা
www.mwb.gov.bd

স্মারক নম্বর: ৪০.০৪.০০০০.০০১.১১.০০৩.১৮.২১৭


তারিখ: ৩০ নভেম্বর, ২০২১

অফিস আদেশ

নিম্নতম মজুরী বোর্ডের সীটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, জনাব মহম্মদ নজরুল ইসলাম গত ২৬/১১/২০২১ খ্রিঃ তারিখ হতে ২৯/১১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নতম মজুরী বোর্ডের মাননীয় চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ) জনাব সুলতান মাহমুদ কর্তৃক যশোর, খুলনা ও বাগেরহাট জেলায় অবস্থিত “চিংড়ি” শিল্প পরিদর্শন দলের সাথে গমন করেন। তিনি গত ২৮/১১/২০২১ খ্রিঃ তারিখ তারিখ পূর্বাঙ্কে কোনোরূপ পূর্বানুমতি ব্যতিরেকে এবং কর্তৃপক্ষকে অবহিত না করে খুলনায় অবস্থিত হোটেল ওয়েস্টার্ন ইন ত্যাগ করেন এবং গত ২৯/১১/২০২১ খ্রিঃ তারিখ যশোর, খুলনা ও বাগেরহাটে অবস্থিত “চিংড়ি” শিল্প পরিদর্শন শেষে ঢাকার উদ্দেশ্যে রওয়ানার সময় পরিদর্শন দলের সাথে ছিলেন না। তাঁর স্বেচ্ছাচারমূলক অনুপস্থিতির কারণে পরিদর্শনের গুরুত্বপূর্ণ কাজে বিঘ্ন ঘটে। এমনকি তাঁকে ফোনে এবং এস এম এস এর মাধ্যমে অবহিত করার পরও পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য যে, তিনি অফিসের কারো সাথে যোগাযোগ করেননি। তিনি আজ ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখে পূর্বাঙ্কে তাঁর কর্মস্থলে উপস্থিত হননি। তাঁর ইচ্ছাকৃত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) এর বিধান মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ বিধায় জনাব মহম্মদ নজরুল ইসলাম, সীটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটরকে তাঁর চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। তিনি প্রতি কার্যদিবসে পৃথক হাজিরা খাতায় স্বাক্ষরপূর্বক উপস্থিতি নিশ্চিত করবেন।

২। তিনি বিধি মোতাবেক খোরাকি ভাতা পাবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।


৩০.১১.২০২১
সুলতান মাহমুদ

চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা

প্রাপক: জনাব মহম্মদ নজরুল ইসলাম
পিতা: মৃত মোঃ আমজাদ আলী খাঁন
গ্রাম: উত্তর চৈতা, পো: রঘুনাথপুর,
থানা: থানা: মির্জাগঞ্জ, জেলা: পটুয়াখালী।
ই-মেইল: nazrulguru1964@gmail.com

স্মারক নম্বর: ৪০.০৪.০০০০.০০১.১১.০০৩.১৮.২১৭/১(৪)

তারিখ: ৩০ নভেম্বর, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মাননীয় সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। হিসাবরক্ষক, হিসাব শাখা, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।

সুলতান মাহমুদ
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা